



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪১

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৮  
০৫ আগস্ট ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রধান আর্থিক কর্মকর্তা এবং তথ্য প্রযুক্তি কর্মকর্তা এর যোগ্যতা ও উপযুক্ততার মানদণ্ড প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখ ২৫ মার্চ ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার লেটারে বর্ণিত প্রধান আর্থিক কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পর্কিত ৩(ক) অনুচ্ছেদ এর (অ) দফাটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

“৩ (ক) প্রধান আর্থিক কর্মকর্তা :

অ) প্রধান আর্থিক কর্মকর্তা পদায়ন বা নিযুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে সংশ্লিষ্ট প্রার্থীকে ১০ বছর অভিজ্ঞতার মধ্যে অবশ্যই ব্যাংকের হিসাবায়ন অথবা কর সম্পর্কিত কার্যক্রমে অন্যান্য ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ”

৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখ ২৫ মার্চ ২০১৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ জামাল উদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৫